দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 SEP 1998 ...

# বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড
## বখশিবাজার, ঢাকা-১২১১

নং-কমন/৩০/১০০০/আর-৭১ তারিখ ঃ ০১-০৯-৯৮ ইং

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ডের ১৯৯৯ ইং সনের আলিম, ফাযিল ও কামিল পরীক্ষায় বহিরাগত ও মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের নিয়মাবলী নিম্নে দেয়া হল। উল্লেখ্য যে, বহিরাগত পরীক্ষার্থীদেরকে কেন্দ্রস্থিত মাদ্‌রাসায় নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হতে হবে এবং উত্তীর্ণের সার্টিফিকেট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

## বহিরাগত ও মানোন্নয়ন পরীক্ষার নিয়মাবলী

১। ১৯৯৯ ইং সনে অনুষ্ঠিতব্য দাখিল (সাধারণ, বিজ্ঞান ও মুজাব্বিদ বিভাগে) পরীক্ষায় বহিরাগত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করা যাবে না।

২। ১৯৯৯ ইং সনের আলিম পরীক্ষায় বহিরাগত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছু আবেদনকারীগণকে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে কোন কেন্দ্রের (পরীক্ষার সমমানের কেন্দ্র) সচিবের মাধ্যমে তার বিস্তারিত বিবরণসহ সদ্য তোলা পাসপোর্ট সাইজের কেন্দ্র সচিব কর্তৃক সত্যায়িত দুই কপি টুপি/ওড়নাসম্বলিত ছবি, দাখিল পরীক্ষা পাসের সনদ/নম্বরপত্রের সত্যায়িত কপি (প্রথম শ্রেণীর কর্মকর্তার দ্বারা), কোন প্রতিষ্ঠানে চাকুরীরত থাকলে ঐ প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিপত্র ও ১১০/- (একশত দশ) টাকা ফিসহ আগামী ১২-১০-৯৮ ইং তারিখ থেকে ১২-১১-৯৮ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (হিসাব আয় শাখায়) হাতে হাতে জমা দিতে হবে। তবে দাখিল পরীক্ষা পাসের কমপক্ষে ৩ (তিন) বছর পর বহিরাগত পরীক্ষার্থী হিসেবে আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ব্যাপারে প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট থেকে প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে।

৩। যারা পূর্বে আলিম পাস করেছে তারা মুজাব্বিদ-ই-মাহির (৪০০ নম্বরের) আংশিক পরীক্ষায় উপরোক্ত নিয়মে বহিরাগত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৪। বিজ্ঞান গ্রুপের কোন ছাত্র-ছাত্রী বহিরাগত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। উল্লেখ্য যে, এসএসসি পাসের পর কোন ছাত্র-ছাত্রী আলিম শ্রেণীতে ভর্তি ও বহিরাগত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৫। ১৯৯৯ ইং সনে ফাযিল পরীক্ষায় বহিরাগত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের জন্য আবেদনকারীগণকে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে কোন কেন্দ্রের (পরীক্ষার সমমানের কেন্দ্র) সচিবের মাধ্যমে বিস্তারিত বিবরণসহ সদ্য তোলা পাসপোর্ট সাইজের কেন্দ্র সচিব কর্তৃক সত্যায়িত ২ (দুই) কপি টুপি/ওড়নাসম্বলিত ছবি, আলিম পরীক্ষা পাসের সনদ/নম্বর পত্রের (প্রথম শ্রেণীর কর্মকর্তার দ্বারা) সত্যায়িত কপি, কোন প্রতিষ্ঠানে কর্মরত থাকলে ঐ প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ কর্তৃক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিপত্র ও ১২০/- (একশত বিশ) টাকা ফিসহ আগামী ১২-১০-৯৮ ইং তারিখ থেকে ১২-১১-৯৮ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (হিসাব আয় শাখায়) হাতে হাতে জমা দিতে হবে। তবে আলিম পরীক্ষা পাসের কমপক্ষে ৩ (তিন) বছর পর বহিরাগত পরীক্ষার্থী হিসেবে ফাযিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য যে, প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত শিক্ষা বিরতির সনদ দাখিল করতে হবে।

৬। ১৯৯৯ ইং সনের কামিল সকল গ্রুপে বহিরাগত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের জন্য আবেদনকারীগণকে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে কোন কেন্দ্রের (পরীক্ষার সমমানের কেন্দ্র) সচিবের মাধ্যমে তার বিস্তারিত বিবরণসহ সদ্য তোলা পাসপোর্ট সাইজের কেন্দ্রসচিব কর্তৃক সত্যায়িত ২ (দুই) কপি ছবি, পূর্ববর্তী পরীক্ষা পাসের সনদ/নম্বরপত্রের সত্যায়িত কপি, কোন প্রতিষ্ঠানে কর্মরত থাকলে ঐ প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ কর্তৃক পরীক্ষার অনুমতিপত্র ও ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ফিসহ আগামী ১২-১০-৯৮ ইং তারিখ থেকে ১২-১১-৯৮ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (হিসাব আয় শাখায়) হাতে হাতে জমা দিতে হবে। তবে পূর্ববর্তী পরীক্ষা পাসের কমপক্ষে ৩ (তিন) বছর পর বহিরাগত পরীক্ষার্থী হিসেবে কামিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৭। কেন্দ্রস্থিত মাদ্‌রাসাটি যে স্তরের কেবল সে স্তরের বহিরাগত পরীক্ষার্থীরা কেন্দ্রস্থিত মাদ্‌রাসার মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য আবেদন করতে পারবে।

## মানোন্নয়ন পরীক্ষার নিয়মাবলী

১। ১৯৯৯ ইং সনের দাখিল মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু ছাত্র-ছাত্রীগণকে ১৯৯৯ ইং সনের সিলেবাস ও বিষয় (আবশ্যিক ও অতিরিক্ত বিষয়) অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, ১৯৯৮ ইং সনে যে মাদ্‌রাসা থেকে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল সেই মাদ্‌রাসা প্রধান কর্তৃক সত্যায়িত ২ (দুই) কপি টুপি/ওড়নাসম্বলিত ছবি ও নম্বরপত্রের সত্যায়িত কপিসহ বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে নির্ধারিত ফিসহ আগামী ১২-১০-৯৮ ইং তারিখ থেকে ১২-১১-৯৮ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (হিসাব আয় শাখায়) হাতে হাতে জমা দিতে হবে। ১৯৯৯ সনে আলিম, ফাযিল, কামিল মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু ছাত্র-ছাত্রীগণের আবেদনপত্র একই নিয়ম অনুযায়ী নির্ধারিত ফিসহ আগামী ০১-১২-৯৮ ইং তারিখ থেকে ৩০-১২-৯৮ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (হিসাব আয় শাখায়) হাতে হাতে জমা দিতে হবে।

২। যারা পূর্বে কোন মাদ্‌রাসা থেকে কামিল পাস করে কমপক্ষে ৩ (তিন) বছর কোন মঞ্জুরিপ্রাপ্ত মাদ্‌রাসায় চাকুরীরত আছে, তারা পূর্বে পাসকৃত মাদ্‌রাসা থেকে ঐ পরীক্ষা পাসের সনদ/নম্বরপত্রের সত্যায়িত কপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের মাদ্‌রাসা প্রধান কর্তৃক সত্যায়িত টুপি/ওড়নাসম্বলিত ছবি, যে মাদ্‌রাসায় চাকুরীরত আছেন সে মাদ্‌রাসা কর্তৃপক্ষের নিকট থেকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিপত্র ও নির্ধারিত ফিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (হিসাব আয় শাখায়) উল্লেখিত তারিখের মধ্যে হাতে হাতে জমা দিতে হবে।

### বহিরাগত ও মানোন্নয়ন পরীক্ষার্থীর অনুমতি ও রেজিস্ট্রেশন ফি-এর হার

| পরীক্ষা | দাখিল | আলিম | ফাযিল | কামিল |
|---|---|---|---|---|
| বহিরাগত | X | ১১০/- | ১২০/- | ১৫০/- |
| মানোন্নয়ন | ১০০/- | ২০০/- | ৩০০/- | ৪০০/- |

কাজী মোঃ শহিদ মোস্তফা
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৫০২১৬৭

পি-১২৯৩/৯৮